বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মার্কেট অ্যান্ড ইন্টারমিডিয়ারিজ অ্যাফেয়ার্স ডিভিশন
সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ ডিপার্টমেন্ট
www.sec.gov.bd

আদেশ

তারিখ: ২৩ নভেম্বর ২০২৬

বিএসইসি/এসএমএমআইডি/এনই/এপি/২০২৬/১১৪/৫৭১ :- যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পুঁজিবাজারের উন্নয়ন, বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা এবং স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারসহ সংশ্লিষ্ট সকল মধ্যস্থতাকারীর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত যথোপযুক্ত নির্দেশনা প্রদান করা একান্ত প্রয়োজন বিবেচনা করিয়াছে; এবং

যেহেতু, স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারদের নেগেটিভ ইক্যুইটি (Negative Equity) এবং আনরিয়েলাইজড লস (Unrealized Loss) সমন্বয়ের সময়সীমা বর্ধন সংক্রান্ত বিষয়ে ১০৩৭ তম কমিশন সভায় আলোচনাক্রমে সিকিউরিটিজ আইন ও বিধিমালার যথাযথ পরিপালন নিশ্চিতকরণ এবং বিনিয়োগকারীদের স্বার্থসংরক্ষণ ও সংশ্লিষ্ট হিসাবসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার সুযোগ প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক হইয়াছে;

সেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 20A এর প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নিম্নবর্ণিত আদেশ জারি করিলঃ

ক) নেগেটিভ ইকুইটি (Negative Equity) এবং আনরিয়েলাইজড লস (Unrealized Loss) সমন্বয়ের লক্ষ্যে যেই সকল স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার আবেদন করিয়াছে, সংশ্লিষ্ট আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহের জন্য সমন্বয়ের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০৩০ পর্যন্ত বর্ধন করা হইল। তবে, যেই সকল প্রতিষ্ঠানের জন্য সময়সীমা ইতোমধ্যে বর্ধন করা হইয়াছে, তাহাদের ক্ষেত্রে পূর্বের সময়সীমা বলবৎ থাকিবে।

খ) ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বিদ্যমান নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ২০২৭ সাল হইতে প্রতি হিসাব বৎসর সমাপ্তির তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করিয়া প্রভিশন ঘাটতি সমন্বয় করিবে। তবে, ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের পর নতুনভাবে সৃষ্ট নেগেটিভ ইক্যুইটি বা আনরিয়েলাইজড লস এর বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রযোজ্য হিসাবরক্ষণ মানদণ্ড অনুযায়ী প্রয়োজনীয় প্রভিশন সংরক্ষণ করিতে হইবে। ইহা ছাড়াও, ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ভিত্তিতে নির্ধারিত নেগেটিভ ইক্যুইটির বাহিরে নতুন কোনো নেগেটিভ ইক্যুইটি বা আনরিয়েলাইজড লস সৃষ্টি হইলে তাহা অতিরিক্তভাবে সংশ্লিষ্ট হিসাব বৎসরেই সংরক্ষণ ও সমন্বয় করিতে হইবে।

গ) বিনিয়োগকারীদের স্বার্থসংরক্ষণ এবং সংশ্লিষ্ট হিসাবসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার সুযোগ প্রদানের লক্ষ্যে সময়সীমা বর্ধিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে বর্ধিত সময়কালে নিম্নোক্ত শর্তাবলী বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হইবে-

১) নেগেটিভ ইক্যুইটিযুক্ত BO হিসাবের গ্রাহকের অনাপত্তি/সম্মতি সাপেক্ষে গ্রাহকের হিসাবে বিদ্যমান শেয়ার বিক্রয়লব্ধ অর্থ দ্বারা নতুনভাবে কেবল 'এ' ক্যাটাগরির শেয়ার ক্রয়ের মাধ্যমে পোর্টফোলিও রিব্যালান্সিং (Portfolio Rebalancing) করা যাইবে। তবে, এইরূপ ক্রয়ের বিপরীতে কোনো নতুন মার্জিন ঋণ প্রদান করা যাইবে না এবং কোনো লেনদেন ব্লক মার্কেটে সম্পন্ন করা যাইবে না। উক্ত Portfolio Rebalancing এর ক্ষেত্রে নেগেটিভ ইক্যুইটিযুক্ত হিসাবসমূহের বিপরীতে কোনো দাবি বা দায়ের সৃষ্টি হইলে সংশ্লিষ্ট বিনিয়োগকারীদের দায়ী করা বা তাঁহাদের উপর কোনো আর্থিক দায় চাপানো যাইবে না; *{ইহা কমিশনের ইতোপূর্ব আদেশ নং বিএসইসি/এসএমএমআইডি/এনই/এপি/২০২৫/১০৮/৬২৯ তারিখ ১৩ নভেম্বর ২০২৬ এর আদেশ নং 'ঘ' তে প্রতিস্থাপিত হইবে}*

২) প্রভিশনিং ও সমন্বয়কালীন সময়ে উক্ত BO হিসাবসমূহে মার্জিন ঋণের সুদ (Interest) কিংবা পোর্টফোলিও ম্যানেজমেন্ট ফি (Portfolio Management Fee) আরোপ করা যাইবে না; এবং

৩) বর্ধিত সময়কালে সংশ্লিষ্ট স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কোনো নগদ লভ্যাংশ (Cash Dividend) ঘোষণা বা বিতরণ করিতে পারিবে না।

৪) সংশ্লিষ্ট স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের আর্থিক বিবরণীতে নেগেটিভ ইক্যুইটি এবং আনরিয়েলাইজড লস এর তথ্য আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) অনুযায়ী যথাযথভাবে প্রকাশ (Disclose) করিতে হইবে;

উল্লেখ্য, কমিশন প্রয়োজনবোধে উপরে বর্ণিত শর্তাবলীর অতিরিক্ত অধিক শর্ত আরোপ, অথবা উক্ত আদেশের সম্পূর্ণ বা আংশিক সংশোধন, পরিবর্তন অথবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে; এবং সেক্ষেত্রে কমিশন কোনো কারণ প্রকাশ করিতে বাধ্য থাকিবে না।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে,

মাসুদ খান
চেয়ারম্যান,
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।